গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৬৮.২৫ (বিমা-০৭/২০২৫)- ১০০০-৬/৩

তারিখ: ০১ আষাঢ় ১৪৩৩ / ১৫ জুন ২০২৬

## অফিস আদেশ

যেহেতু জনাব শাক্য উজ্জল চাকমা, উপজেলা সমবায় কর্মকর্তা, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি এর বিরুদ্ধে যথাক্রমে ০৩ (তিন)টি অভিযোগ হলো: (১) জনাব শাক্য উজ্জল চাকমা, উপজেলা সমবায় কর্মকর্তা, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি সমবায় সমিতি বিধিমালা ২০০৪, (সংশোধিত ২০২০) এর ৩০(২) বিধি অনুযায়ী খসড়া ভোটার তালিকা সম্পর্কে কারও কোনো প্রকার আপত্তি থাকলে উক্ত তালিকা প্রকাশের তারিখ হতে ১৫ (পনেরো) দিনের মধ্যে শুনানি প্রদান করে প্রয়োজনীয় সংশোধনপূর্বক চূড়ান্ত করতে হবে এবং নির্বাচনী তফসিল মোতাবেক মনোনয়নপত্র দাখিলের তারিখে নির্বাচন কমিটির নিকট প্রেরণ করবে মর্মে বিধান থাকলেও তিনি সমবায় সমিতি কর্তৃপক্ষকে এ বিষয়ে সঠিক পরিমর্শ দেননি যা কর্তব্য অবহেলার শামিল; (২) জনাব জেবুন নাহার, অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) ও শুনানি গ্রহণকারী কর্মকর্তাকে তিনি বিজ্ঞ এজিপি, জেলা ও দায়রা জজ আদালত, রাঙ্গামাটি কর্তৃক এ ধরণের মতামত প্রদানের কোন পত্র দেখাতে পারেন নি; (৩) বর্ণিত সমিতির সংক্ষুব্ধ সদস্যদের আবেদন সঠিকভাবে প্রতিকারের ব্যবস্থা করেন নি এক্ষেত্রে তিনি দায়িত্ব পালনে অবহেলা করেছেন যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক ৩ (খ) অসদাচরণের শামিল। বর্ণিত ০৩টি অভিযোগে সমবায় অধিদপ্তরের স্মারক নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.১৮.০৭৪.০৩পি.(বিমা-০৭/২০২৫)-১৭৩৮(৫)-এ/ও, তারিখ: ১৭.১২.২০২৫ মূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অসদাচরণের অভিযোগে ০৭/২০২৫ নং বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

০২। যেহেতু জনাব শাক্য উজ্জল চাকমা ০৫/০২/২০২৬ তারিখে লিখিত জবাব দাখিল করেন। তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক হয়;

০৩। যেহেতু অভিযুক্তের জবাব, অভিযুক্তের ব্যক্তিগত শুনানি এবং অন্যান্য তথ্যাদি পর্যালোচনা করে বিশ্বাস জন্মেছে যে, অভিযুক্ত কোন অর্থের আত্মসাথে জড়িত নয় এবং তাঁর এবং কৃত কার্যাবলী সরল বিশ্বাসে করেছেন;

০৪। যেহেতু অভিযুক্ত কর্তৃক কৃত কাজ সরল বিশ্বাসে সম্পাদন করা হয়েছে মর্মে প্রতীতি জন্মেছে এবং তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মতে অসদাচরণ এঁর অভিযোগ হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু জনাব শাক্য উজ্জল চাকমা, উপজেলা সমবায় কর্মকর্তা, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি-কে সতর্ক অন্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(২)(ক) মোতাবেক মামলার অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মো: সেলিম ফকির এনডিসি)
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ০২-৪৮১১৯৩০৫
E-mail: reg.dg@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০৪.০৪.০৬৮.২৫ (বিমা-০৭/২০২৫)- ১০০০/১(৭)-৬/৩

তারিখ: ০১ আষাঢ় ১৪৩৩
১৫ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা।
২. যুগ্মনিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়, চট্টগ্রাম।
৩. জেলা সমবায় অফিসার, রাঙ্গামাটি।
৪. সহকারী প্রোগ্রামার (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে জারিকৃত আদেশ সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৫. উপজেলা সমবায় অফিসার, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি।
৬. জনাব শাক্য উজ্জল চাকমা, উপজেলা সমবায় কর্মকর্তা, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি।
৭। সংশ্লিষ্ট নথি।

১৫/০৬/২০২৬

(মোহাম্মদ সফিকুল ইসলাম)
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।